

শিক্ষাসত্র : বিশ্বভারতী

শিক্ষাসত্র দিব্যিভাগীয় সহ-শিক্ষামূলক অনাবাসিক উচ্চমাধ্যমিক বিদ্যালয়। শিক্ষাবর্ষ জুন থেকে মে মাস পর্যন্ত।

২০১০-২০১১ শিক্ষাবর্ষে ভর্তির নিয়মাবলী ও পদ্ধতি

০১.০৭.২০১০ তারিখে বয়সসীমা :

পঞ্চম শ্রেণীর ক্ষেত্রে : ৯ বছর থেকে ১০ বছরের মধ্যে (জন্ম : ০১.০৭.২০০০ থেকে ৩০.০৬.২০০১-এর মধ্যে)

ষষ্ঠ শ্রেণীর ক্ষেত্রে : ১০ বছর থেকে ১১ বছরের মধ্যে (জন্ম : ০১.০৭.১৯৯৯ থেকে ৩০.০৬.২০০০-এর মধ্যে)

ভর্তির আবেদনপত্র ১৭.১২.২০০৯(বৃহস্পতিবার) থেকে ১৭.০১.২০১০(রবিবার) পর্যন্ত দেওয়া হবে।

যথাযথভাবে পূরণ করা আবেদনপত্র নিম্নলিখিত প্রমাণপত্রের প্রতিলিপি (জেরক্স কপি)-সহ ১৯.০১.২০১০(মঙ্গলবার)-এর মধ্যে শিক্ষাসত্র দপ্তরে জমা দিতে হবে।

১. বয়সের জন্য কেবলমাত্র বার্থ রেজিস্ট্রেশন অথরিটির দেওয়া বার্থ রেজিস্ট্রেশন সার্টিফিকেট-এর প্রতিলিপি (এক্ষেত্রে সুনির্দিষ্ট ফর্মে নথিভুক্তির তারিখসহ নম্বরের উল্লেখ থাকা চাই)।
২. পঞ্চম ও ষষ্ঠ শ্রেণীর ভর্তির ক্ষেত্রে পাঠরত শ্রেণীর উল্লেখসহ পাঠরত বিদ্যালয়ের প্রধান শিক্ষক/শিক্ষিকা প্রদত্ত শংসাপত্র।
৩. ভর্তি পরীক্ষায় বসার অনুমতিপত্র পাঠাবার জন্য ৫ (পাঁচ) টাকার ডাকাটিকিট সম্বলিত স্বনাম-ঠিকানা লিখিত ১০" x ৪" মাপের একটি খাম।
৪. তফসিলী জাতি ও উপজাতি প্রার্থীদের যথাযথ শংসাপত্র না থাকলে পিতার শংসাপত্র অবশ্যই সংযোজন করতে হবে।
৫. শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষ প্রদত্ত শংসাপত্রের প্রতিলিপি।
৬. প্রার্থীর পিতা/মাতার বাসস্থান-সম্পর্কিত স্থানীয় পঞ্চায়েত/পৌরসভা প্রদত্ত শংসাপত্র।
৭. প্রার্থীর দুটি পাসপোর্ট মাপের ছবি (একটি আবেদনপত্রের উপর নির্দিষ্ট স্থানে প্রত্যয়িত [Attested] করে যুক্ত করতে হবে ও অন্যটি প্রত্যয়িত না করে পিন দিয়ে পৃথকভাবে সংযুক্ত করতে হবে)।
৮. প্রত্যেকটি প্রমাণপত্রের প্রতিলিপি অবশ্যই প্রত্যয়িত [Attested] হতে হবে।
৯. বাঙলা, গণিত, ইংরেজি ও সাধারণ জ্ঞানের উপর পরীক্ষা হবে। প্রতিটি বিষয়ে ২৫ নম্বর করে মোট ১০০ নম্বরের পরীক্ষা হবে। সাধারণ জ্ঞানের প্রশ্ন হবে ইতিহাস, ভূগোল, বিজ্ঞান ইত্যাদি বিষয়ের উপর। পরীক্ষার সময়সীমা ২ ঘণ্টা।

পঞ্চম ও ষষ্ঠ শ্রেণীতে ভর্তি পরীক্ষায় বসার যোগ্য প্রার্থীদের নামের তালিকা ১০.০৪.২০১০ (শনিবার) শিক্ষাসত্র দপ্তরে প্রকাশ করা হবে।

পঞ্চম ও ষষ্ঠ শ্রেণীতে শিক্ষাসত্রের বাৎসরিক পরীক্ষার ফলাফলের ভিত্তিতে সীমিত সংখ্যক ছাত্র-ছাত্রী ভর্তি করা হবে।

ভর্তি পরীক্ষার সম্ভাব্য তারিখ : ২০১০ সালের এপ্রিল মাসের তৃতীয়/চতুর্থ সপ্তাহ।

অনিবার্য কোনও কারণে পরীক্ষার দিন বদল হলে শিক্ষাসত্র দপ্তরে তা জানানো হবে।

- * তফসিলী জাতি/উপজাতি ও শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে নিয়মানুসারে সংরক্ষণের ব্যবস্থা আছে।
- * অসম্পূর্ণ আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।
- * ভর্তি বিষয়ে যাবতীয় যোগাযোগের ঠিকানা :

অধ্যক্ষ, শিক্ষাসত্র, বিশ্বভারতী, প্রীনিকতন, বীরভূম - ৭৩১ ২৩৬।

দূরভাষ : ০৩৪৬৩ - ২৬৪৭৩৬।